# মিথ্যে কথা

**শঙ্খ ঘোষ**





লোকে আমায় ভালোই বলে, দিব্যি চলনসই—
দোষের মধ্যে, একটু না কি মিথ্যে কথা কই।
ঘাটশিলাতে যাবার পথে ট্রেন ছুটেছে যখন
মায়ের কাছে বাবার কাছে করছি বকম্ বকম্
হঠাৎ দেখি মাঠের মধ্যে চলন্ত সব গাছে
এক-একরকম ভঙ্গি ফোটে এক-একরকম নাচে
'ও মা, দেখো, নৃত্যনাট্য'— যেই বলেছি আমি
মা বকে দেয় 'বড্ড তোমার বেড়েছে ফাজলামি!'

চিড়িয়াখানার নাম জানো তো আমার সেজোমেসোর ?
আদর করে দেখিয়েছিলেন পশুরাজের কেশর।
কদিন পরে চুনখসানো দেয়াল জুড়ে - এ কী
ঠিক অবিকল সেইরকমই মূর্তি যেন দেখি ?
ক্লাসের মধ্যে যেই বলেছি সুরঞ্জনার কাছে
'জানিস ? আমার ঘরের মধ্যে সিংহ বাঁধা আছে'—
শুনতে পেয়ে দিদিমণি অম্‌নি বলেন 'শোনো,





এসব কথা আবার যেন না-শুনি কক্ষনো ।'
বলি না তাই সেসব কথা, সামলে থাকি খুব,
কিন্তু সেদিন হয়েছে কী - এমনি বেয়াকুব --
আকাশপারে আবারও চোখ গিয়েছে আট্‌কে
শরৎমেঘে দেখতে পেলাম রবীন্দ্রনাথকে !

## জেনে রাখো

**চিড়িয়াখানা** — যেখানে পশু - পাখি রাখা হয়

**পশুরাজ** — সিংহ

**চলন সই** — কাজ চালানো

**কেশর** — চুল

**নৃত্যনাট্য** — নাচ ও গান মেলানো নাটক

**বেয়াকুব** — বোকা

## কাব্য পরিচয়

ছোট্ট মেয়েটির চোখে বাস্তবের ঘটনাগুলি অন্য রূপে এক সুন্দর জীবন্ত ছবি হয়ে ফুটে ওঠে। কখনো চলন্ত ট্রেনে যেতে যেতে সরে যাওয়া গাছগুলি দেখে তার মনে হয় তারা যেন নৃত্য-নাট্য করছে । আবার চুন খসা দেওয়ালের আকার যেন সিংহের রূপ হয়ে ফুটে উঠেছে । আকাশে শরতের মেঘের মধ্যে সে রবীন্দ্রনাথের রূপ দেখে অবাক হয়ে যায় । আর এসব কথা যখন মা কিংবা বন্ধুদের কাছে বলতে যায় তখন মিথ্যেবাদীর অপবাদ শুনতে হয় ।

## পাঠবোধ

1. **নিচের শব্দগুলো থেকে বেছে সঠিক উত্তরটি দাও ছোট মেয়েটি ট্রেনে চড়ে কোথায় যাচ্ছিল ?**

(ক) জামশেদপুর (খ) রাঁচি (গ) ঘাটশিলা

**চিড়িয়াখানায় মেয়েটি কী দেখেছিল ?**

(ক) বাঘ (খ) সিংহ (গ) হরিণ

**মেয়েটি শরতের মেঘে কাকে দেখেছিল ?**

(ক) রবীন্দ্রনাথ (খ) সত্যেন্দ্রনাথ (গ) যতীন্দ্রনাথ

### সংক্ষেপে লেখো

2. চলন্ত ট্রেন থেকে গাছগুলো দেখে মেয়েটির কী মনে হচ্ছিল ?
3. চুন খসানো দেওয়ালে মেয়েটি কার রূপ দেখেছিল ?
4. সিংহের মূর্তি দেখার কথা মেয়েটি কার কাছে বলেছিল ?
5. মেয়েটির চোখ শরতের মেঘের মাঝে কী দেখে আটকে গিয়েছিল ?

### বিস্তারিত ভাবে লেখো

6. ছোট্ট মেয়েটির বাস্তবে দেখা কোন্ কোন্ ঘটনা কী কী রূপ নিয়ে তার চোখে ধরা পড়ল ?

### ব্যাকরণ ও নির্মিতি

1. **নিচের কবিতার লাইনগুলির মধ্যে থেকে বিশেষ্য পদ খুঁজে বের করে লেখো**

"ক্লাসের মধ্যে যেই বলেছি সুরঞ্জনার কাছে
জানিস ? আমার ঘরের মধ্যে সিংহ বাঁধা আছে —
শুনতে পেয়ে দিদ্‌মণি অমণি বলেন, শোনো"
"শরৎমেঘে দেখতে পেলাম রবীন্দ্রনাথকে ।"

**2. ভুল বানান ঠিক করে লেখো**

| | |
|---|---|
| পসুরাজ | শিংহ |
| রবিন্দ্রনাথ | মূর্ত্তি |
| চিড়িয়াখানা | |

**করে দেখো**

তোমাদের বাড়ির দেওয়ালে অথবা খাতার পাতায় আঁকা-বাঁকা জলের দাগ বা কোনো ছাপ দেখে তার উপরে চক্ বা পেন্সিল দিয়ে আঁকা কেটে দেখো তো কোনো ছবি ফুটে ওঠে কিনা ।